

বাঘা পৌরসভা কার্যালয়

বাঘা, রাজশাহী।

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-বা:পৌ/বাঘা/নিয়োগ/২০২১/১০৭৯


তারিখ : ১৯/০৯/২০২১ ইং

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর শাখা-১ এর স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.১১.০২৩.১৯.১৮৯, তারিখ ২০/০২/২০১৯ ইং মূলে ছাড়পত্র এবং মন্ত্রণালয়ের স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.১১.০২৩.১৯.৭৫৬, তারিখ ০৫/১০/২০২০ ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৯.১৯.৭৩৩ তারিখ ২৯/০৮/২০২১ (মেয়াদ বৃদ্ধি) মোতাবেক রাজশাহী জেলার বাঘা পৌরসভায় নিম্নবর্ণিত শূন্য পদে কর্মচারী নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে স্ব-হস্তে লিখিত দরখাস্ত নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের তারিখ হতে আগামী ০৫/১০/২০২১ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা রেজিস্টার্ড ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	বয়স	শিক্ষাগত যোগ্যতা
০১	সার্ভেয়ার	০১ (এক)টি	৯,৭০০-২৩,৪৯০/=	১৮-৩০ বৎসর	স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সার্ভেয়ারশীপ অথবা সাব-ওভারশীপ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
০২	হিসাব সহকারী	০১ (এক)টি	৯,৩০০-২২,৪৯০	১৮-৩০ বৎসর	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষা পাস।
০৩	নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক	০১ (এক)টি	৯,৩০০-২২,৪৯০	১৮-৩০ বৎসর	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলায় ৩০ এবং ইংরেজীতে ৪০ শব্দের গতি থাকিতে হইবে।
০৪	টিকাদানকারী (মহিলা)	০১ (এক)টি	৯,০০০-২১,৮০০	১৮-৩০ বৎসর	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক পাস হইতে হইবে। টিকাদান কাজে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
০৫	রোড রোলার চালক	০১ (এক)টি	৯,৩০০-২২,৪৯০	১৮-৩০ বৎসর	অষ্টম শ্রেণী পাসসহ যানবাহন চালকের বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৬	বিদ্যুৎ লাইনম্যান	০১ (এক)টি	৯,০০০-২১,৮০০	১৮-৩০ বৎসর	স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বৈদ্যুতিক সংযোগ কাজে প্রশিক্ষণ কোর্সের সনদপত্রপ্রাপ্ত। অবশ্যই বি-শ্রেণীর বৈদ্যুতিক ওয়ার্ক পারমিট থাকিতে হইবে। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী পাস হইতে হইবে।
০৭	পাম্প চালক	০১ (এক)টি	৯,৩০০-২২,৪৯০	১৮-৩০ বৎসর	অষ্টম শ্রেণী পাস। সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। সার্টিফিকেটধারীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে।
০৮	বিদ্যুৎ হেলপার	০১ (এক)টি	৮,৮০০-২১,৩১০	১৮-৩০ বৎসর	সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ ন্যূনতম ৮ম শ্রেণী পাস।
০৯	অফিস সহায়ক	০১ (এক)টি	৮,২৫০-২০,০১০	১৮-৩০ বৎসর	অষ্টম শ্রেণী পাস।
১০	মালি	০১ (এক)টি	৮,২৫০-২০,০১০	১৮-৩০ বৎসর	অষ্টম শ্রেণী পাস। বাগানের কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

দরখাস্তের শর্তাবলী :

- নিম্নলিখিত বিবরণ পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক আবেদনকারীকে সাদা কাগজে "মেয়র, বাঘা পৌরসভা, বাঘা, রাজশাহী" বরাবর স্ব-হস্তে লিখিত দরখাস্ত করতে হবে। (ক) প্রার্থীর নাম (স্পষ্ট অক্ষরে), (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স (২০/১০/২০২০ ইং তারিখে), (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) অভিজ্ঞতা (যদি থাকে)
- আবেদনকারীকে দরখাস্তের সঙ্গে অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল মূল সনদপত্রের, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও সাদা তোলা ও (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) সত্যায়িত করে দাখিল করতে হবে। সিটি কর্পোরেশনের ক্ষেত্রে কাউন্সিলর এবং পৌরসভার/ ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে মেয়র/চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত প্রদত্ত জাতীয়তা (নাগরিকত্ব) সনদপত্র ও জন্ম সনদপত্র দাখিল করতে হবে।
- নিয়োগের ব্যাপারে "পৌরসভা কর্মচারী বিধিমালা-১৯৯২" নিয়ম অনুসরণ করা হবে।
- ক্রমিক নং ০১ (এক) হতে ০৭ (সাত) পর্যন্ত ৫০০/= (পাঁচ শত টাকা মাত্র) টাকা এবং ক্রমিক নং ০৮ হতে ১০ পর্যন্ত ৩০০/= (তিন শত টাকা মাত্র) সরকার কর্তৃক অনুমোদিত যেকোন তফসিলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/বিডি (অফেরতযোগ্য) "মেয়র, বাঘা পৌরসভা" এর অনুকূলে (আবেদনপত্রের সঙ্গে) জমা দিতে হবে।
- সরকারী নিয়ম মোতাবেক সকল কোটা সংরক্ষণ করা হবে। মুক্তিযোদ্ধাদের/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর বয়স গ্রহণযোগ্য হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- দরখাস্তের খামের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- একজন প্রার্থী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবে।
- অসম্পূর্ণ কিংবা বিলম্বে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না।
- বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রকাশ্য থাকে যে ইতিপূর্বে যাহারা আবেদন করিয়াছেন তাহাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
- কর্তৃপক্ষ যেকোন দরখাস্ত গ্রহণ বা বাতিল অথবা সকল দরখাস্ত বাতিলের ক্ষমতাসহ নিয়োগসংক্রান্ত যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ আব্দুর রাজ্জাক)
মেয়র
বাঘা পৌরসভা
বাঘা, রাজশাহী।
ফোন : ০৭২৩৩-৫৬০৬২